বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।
www.bcmcl.org.bd

"বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার"

নম্বর: ২৮.১২.০০০০.০০০.২২১.৩২.০০০২.১৮.১৯৪

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩ / ১২ অক্টোবর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: বিসিএমসিএল-এর নিয়োগ বিজ্ঞপ্তি নং-বিসিএমসিএল/০২/৩২/৮৪; তারিখ: ১৮ জানুয়ারি ২০০৯ এর বিপরীতে হেলপার (কারিগরী) পদের চূড়ান্ত ফলাফল।

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-এর নিয়োগ বিজ্ঞপ্তি নং-বিসিএমসিএল/০২/৩২/৮৪; তারিখ: ১৮ জানুয়ারি ২০০৯; বিসিএমসিএল-এ আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োজিত জনাব মোঃ সোহেল রানা ও অন্যান্য (মোট ৮৭ জন) কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-১২৮৮/২০১৮ এর রায় এবং ২৯ আগস্ট ২০২৬ তারিখে অনুষ্ঠিত বিসিএমসিএল পরিচালনা পর্ষদের ৪০৭তম সভার সিদ্ধান্ত মোতাবেক হেলপার (কারিগরী) পদে গৃহীত লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণপূর্বক নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীদেরকে নিয়োগের জন্য সাময়িকভাবে সুপারিশ করা হলো:

পদের সংখ্যা	রোল নম্বর (মেধাক্রম অনুসারে নয়)
৪	৫০১৮, ৫০৩৬, ৫০৬৬, ৫১২৯ = ৪ জন

২। সুপারিশকৃত প্রার্থীদের প্রাক্ জীবন-বৃত্তান্ত যথাযথ এজেন্সীর মাধ্যমে যাচাই ও স্বাস্থ্য পরীক্ষা গ্রহণ শেষে নিয়োগের জন্য উপযুক্ত হিসেবে বিবেচিত হলে তাঁদের অনুকূলে নিয়োগপত্র প্রদান করা হবে।

৩। প্রার্থীদেরকে কোম্পানির রিক্রুটমেন্ট, ট্রেনিং, লিভ এন্ড রিটায়ারমেন্ট শাখা হতে পুলিশ ভেরিফিকেশ ফর্ম সংগ্রহ করে যথাযথভাবে পূরণপূর্বক প্রযোজ্য কাগজপত্রাদিসহ (২ সেট পূরণকৃত পুলিশ ভেরিফিকেশন ফর্ম, প্রবেশপত্রের কপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের কপি ইত্যাদি) আবশ্যিকভাবে আগামী ২৯ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিএমসিএল বরাবর দাখিল করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট প্রার্থী চাকরিতে যোগদান করতে ইচ্ছুক নন মর্মে গণ্য হবে।

৪। সুপারিশকৃত প্রার্থীদের মধ্যে কোন প্রার্থী চাকরির আবেদনপত্রে কোন ভুল বা মিথ্যা তথ্য প্রদান বা প্রয়োজনীয় তথ্য গোপন বা টেম্পারিং বা কোন জাল সার্টিফিকেট জমা বা বয়স ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটের কোন অংশ বা প্রবেশপত্র টেম্পারিং বা প্রতারণার আশ্রয় গ্রহণ করলে বা কোন গুরুতর অসম্পূর্ণতা ধরা পড়লে সংশ্লিষ্ট প্রার্থীর সুপারিশ বাতিল করা হবে। এমনকি প্রার্থীকে চাকরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ ও তা প্রমাণিত হলে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। বিসিএমসিএল কর্তৃপক্ষ এ ফলাফলের যেকোন সংশোধন/পরিবর্তন/পরিমার্জন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

৬। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

১২-১০-২০২৬
মোহাম্মদ ছানা উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
ফোন : +৮৮০২৫৮৮৮৭৮৬০৮
ইমেইল : gm_admin@bcmcl.org.bd

বিতরণ: অত্যাবশ্যক/ কার্যার্থে

।বতরণ: জ্ঞাতার্থে/ কার্যার্থে-

১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিস িএমসিএল)।

২। মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রশাসন বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-বিজ্ঞপ্তিটি জরুর ীভিত্তিতে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

৪। ব্যবস্থাপক (আইটি), আইটি ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-বিজ্ঞপ্তিটি জরুর ীভিত্তিতে পেট্রোবাংলার ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

৫। নোটিশ বোর্ড, বিসিএমসিএল, দিনাজপুর।